



নিয়োগ বিজ্ঞপ্তি

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এ নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।
ক. পদের বিবরণ:

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	পি এ টি পরীক্ষা নিয়ন্ত্রক (জাতীয় বেতন স্কেল: ২০১৫অনুযায়ী) (১২,৫০০-৩০,২৩০/-) (গ্রেড-১১)	১	অনূর্ধ্ব- ৩০ বছর	১. প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক/সমমানের ডিগ্রিধারী হতে হবে। ২. শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী/ সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ৩. যে কোন স্বীকৃত ইন্সটিটিউট থেকে ৬(ছয়) মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণ থাকতে হবে।
২.	সেমিনার সহকারী (জাতীয় বেতন স্কেল: ২০১৫অনুযায়ী) (১০,২০০-২৪,৬৮০/-) (গ্রেড-১৪)	১	অনূর্ধ্ব- ৩০ বছর	১. প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক/সমমানের ডিগ্রিধারী হতে হবে। ২. শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী/ সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ৩. যে কোন স্বীকৃত ইন্সটিটিউট থেকে ৬(ছয়) মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণ থাকতে হবে।
৩.	অফিস সহায়ক (জাতীয় বেতন স্কেল: ২০১৫অনুযায়ী) (৮,২৫০-২০,০১০/-) (গ্রেড-২০)	১	অনূর্ধ্ব- ৩০ বছর	১. প্রার্থীকে এস এস সি/সমমান ডিগ্রিধারী হতে হবে। ২. শিক্ষা জীবনে ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়।

খ. আবেদনপত্র জমা:

- বিশ্ববিদ্যালয় ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সকাল ১০:০০টা থেকে বিকাল ৪:০০টা পর্যন্ত বিজ্ঞাপিত পদের আবেদনপত্র ডাকযোগে অথবা সরাসরি রেজিস্ট্রার দপ্তরস্থান সংস্থাপন শাখায় জমা দিতে হবে।
- প্রতিটি পদের জন্য ০৩ (তিন) সেট আবেদনপত্র জমা দিতে হবে।
- প্রতিটি পদের জন্য আবেদনকারীকে সাদা কাগজে স্বহস্তে (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) আবেদনের শেষ তারিখে বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাসের সন, বিভাগ উল্লেখসহ) (ট) অভিজ্ঞতা (ঠ) নিজ জেলা (ড) বিশেষ কোটাভুক্ত কিনা (প্রযোজ্য ক্ষেত্রে) (ঢ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, টাকার পরিমাণ, তারিখ (ণ) জাতীয় পরিচয়পত্রের নম্বর এবং (ত) টেলি/মোবাইল ফোন নম্বর উল্লেখপূর্বক রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর বরাবর আবেদন করতে হবে।
- আবেদনের প্রতি কপির সাথে অবশ্যই (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের অনুলিপি (খ) সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয় শিক্ষক কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূলকপি (ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের অনুলিপি (ঙ) অভিজ্ঞতা ও দক্ষতা সনদপত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে। সকল কাগজপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয় শিক্ষক/বিশ্ববিদ্যালয়ের প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নামাংকিত সিলসহ) হতে হবে। সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।
- প্রার্থীর যোগাযোগের বর্তমান ঠিকানা লিখিত ৭/- (সাত) টাকার ডাকটিকিট যুক্ত ১০×৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- আবেদন ফরমের সাথে অবশ্যই “রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর”-এর অনুকূলে জনতা ব্যাংকের যে কোন শাখা থেকে প্রতিটি পদের জন্য ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা দিতে হবে।
- আবেদন কালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষমান থাকাকালীন সময়ে আবেদন গ্রহণযোগ্য হবে না।
- বিজ্ঞাপিত পদে নিয়োগের জন্য প্রয়োজনে লিখিত পরীক্ষার মাধ্যমে শর্টলিস্ট তৈরি করে বাছাই বোর্ডের মাধ্যমে সাক্ষাৎকার গ্রহণ করা হবে।
- সরকার প্রবর্তিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- চাকরির প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বয়স ও অভিজ্ঞতা যে কোন একটি শর্ত শিথিল যোগ্য।
- খামের উপর অবশ্যই পদের নাম বাম দিকে স্পষ্টাক্ষরে লিখতে হবে।
- ক্রটিযুক্ত, অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- উপরে উল্লিখিত এক বা একাধিক শর্তপূরণ না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, আংশিক বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- কোন ধরনের লিখিত বা মৌখিক তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। নিয়োগ পাওয়ার পর কোন অনৈতিক পন্থা অবলম্বনের অভিযোগ প্রমাণিত হলে চাকরির যেকোন পর্যায়ে আইনানুগ ব্যবস্থা (চাকরিচ্যুতিসহ) গ্রহণ করা হবে।
- আবেদন ফরম গ্রহণ ও জমা দেওয়ার শেষ তারিখ ও সময়: ১৮ অক্টোবর ২০২১খ্রিঃ, বিকাল ৪:০০টা। উক্ত তারিখের পর কোন আবেদন ফরম গ্রহণ করা হবে না।

স্বাক্ষরিত

কর্ণেল আবু হেনা মুস্তাফা কামাল (অবঃ)

রেজিস্ট্রার

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।

ই-মেইল: registrar@brur.ac.bd